# চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা

মানুষের জীবন চলার পথ বড় বেশি বৈচিত্রময় । কখনো উত্থান আর কখনো পতন । জীবন কখনো প্রশান্ত কখনো অশান্ত । কখনো বসন্তের হিমেল বাতাস মন প্রাণ ছুঁয়ে যায়, কখনোবা কালবৈশাখী ঝড়ে গোছানো সংসার লণ্ডভণ্ড হয়ে যায় । তাই বসন্তে বসে প্রস্তুতি নিতে হয় বৈশাখের । আগামীদিনের নিরাপত্তা বিধান করেই উপভোগ করতে হয় আজকের দিনটাকে । করতে হয় নিজেকে সুরক্ষিত করার পরিকল্পনা । আপনার আর আপনার প্রিয়জনের জীবনকে সব ঝড় আর ঝঞ্ঝা থেকে সুরক্ষিত করে নিরাপদ আগামী নিশ্চিত করতে চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স নিয়ে এসেছে চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা । চার্টার্ড-পাঁচ কিস্তি বীমার আওতায় বীমা চলাকালিন সময়ে বীমার আংশিক অর্থ আপনাকে পরিশোধ করা হবে এবং মেয়াদকালের যে কোন সময় আপনার অকাল মৃত্যু হলে বীমা অংকের পুরো টাকা আপনার প্রিয়জনকে পরিশোধ করা হবে ।

## সুবিধাসমূহঃ

১ । বীমার এক-পঞ্চমাংশ (১/৫) মেয়াদশেষে বীমা অংকের ১০%, দুই-পঞ্চমাংশ (২/৫) মেয়াদশেষে বীমা অংকের ১৫%, তিন-পঞ্চমাংশ (৩/৫) মেয়াদশেষে বীমা অংকের ২০%, চার-পঞ্চমাংশ (৪/৫) মেয়াদশেষে বীমা অংকের ২৫%, এবং মেয়াদপূর্তিতে অর্জিত বোনাস সহ বীমাংকের অবশিষ্ট অর্থ প্রাপ্ত হবেন । উল্লেখ্য, অর্জিত বোনাস মোট বীমা অংকের উপর প্রদান করা হবে ।

২) বীমা পলিসির মেয়াদের মধ্যে যে কোন সময় বীমাগ্রহীতার অকাল মৃত্যু হলে তাঁর নমিনীকে অর্জিত বোনাসসহ বীমা অংকের পুরো অর্থ প্রদান করা হবে ।

৩) বীমাগ্রহীতা তাঁর জরুরী প্রয়োজনে অন্তত দুবছর প্রিমিয়াম পরিশোধ সাপেক্ষে গৃহীত বীমার বিপরীতে তার সমর্পণ মূল্যের সর্বোচ্চ ৯০% ঋণ হিসেবে গ্রহন করতে পারবেন ।

৪) বীমাগ্রহীতা মোট বীমা অংকের উপর নির্দিষ্ট পরিমাণ আয়কর রেয়াত পাবেন এবং বীমা দাবীর মাধ্যমে প্রাপ্ত আয় সম্পূর্ণ আয়করমুক্ত ।

## বৈশিষ্ট্যসমূহঃ

১) বীমাগ্রহীতার সর্বনিম্ন বয়স ২০ বছর এবং সর্বোচ্চ বয়স ৫৫ বছর ।

২) বীমার ন্যূনতম মেয়াদ ১০ বছর এবং সর্বোচ্চ মেয়াদ ৩০ বছর । তবে ১৫, ২০ এবং ২৫ বছর মেয়াদেও পলিসি গ্রহন করা যাবে । উল্লেখ্য, মেয়াদপূর্তিতে বীমাগ্রহীতার বয়স হতে হবে সর্বোচ্চ ৭০ বছর ।

৩) বীমা অংকের সর্বনিম্ন পরিমাণ ৫০,০০০ (পঞ্চাশ হাজার টাকা) এবং সর্বোচ্চ পরিমাণ বীমাগ্রহীতার ইচ্ছাধীন ।

৪) বীমাগ্রহীতার সুবিধামত বার্ষিক, অর্ধ-বার্ষিক, ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রিমিয়াম প্রদান করা যাবে ।

৫) ন্যূনতম দুই বছর চালু থাকার পর বীমাগ্রহীতা বীমা চালু রাখতে অনিচ্ছুক বা অসমর্থ হলে উক্ত বীমা সমর্পণ করা যাবে এবং বীমাগ্রহীতা সমর্পণ মূল্য প্রাপ্ত হবেন ।

## দৃষ্টান্তঃ

জনাব আবির হোসেন সাহেব ২০১৪ সালের ১০ ফেব্রুয়ারি ৫০০,০০০ টাকা বীমা অংকের ১০ বছর মেয়াদী চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা গ্রহন করেন এবং ত্রৈমাসিক প্রিমিয়াম হিসেবে ১১,৫০০ টাকা প্রদান করেন । ২০১৪ সালের ২৫ মে জনাব আবির হোসেন সাহেব এর অকালমৃত্যু হয় এবং চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স আবির হোসেন সাহেব এর সহধর্মিনী জনাবা অনামিকা হোসেন এর কাছে মৃত্যু দাবী বাবদ ৫০০,০০০ টাকার চেক হস্তান্তর করা হয় । উলেখ্য, জনাব আবির হোসেন সাহেব মাত্র ১১,৫০০ টাকা প্রিমিয়াম প্রদান করেও মৃত্যুর পর তাঁর স্ত্রী/সন্তানরা নগদ ৫০০,০০০ টাকা অর্থ পেয়েছেন যা তাদেরকে আর্থিকভাবে স্বচ্ছল রেখেছে ।



*নিরাপদ জীবন, উপভোগ্য আগামী ।*

## চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা প্লাস

চার্টার্ড-পাঁচ কিস্তি বীমার সাথে বীমাগ্রহীতা সম্পূরক প্রিমিয়াম প্রদান সাপেক্ষে তাঁর পছন্দ অনুযায়ী নিম্নোক্ত সম্পূরক বীমা সুবিধাসমূহ গ্রহন করতে পারবে।

১) দুর্ঘটনাজনিত মৃত্যু বীমা সুবিধাঃ দুর্ঘটনাজনিত কারনে মৃত্যু হলে মূল বীমা অংকের ১০০%।

২) দুর্ঘটনাজনিত মৃত্যু ও স্থায়ী অক্ষমতা বীমা সুবিধাঃ দুর্ঘটনাজনিত কারনে মৃত্যু হলে মূল বীমা অংকের ১০০%, দুর্ঘটনাজনিত কারনে সম্পূর্ণরূপে অক্ষম হয়ে পড়লে মূল বীমা অংকের ১০০% এবং আংশিক অক্ষম হয়ে পড়লে মূল বীমা অংকের আংশিক পরিশোধ ।

চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা ও চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা প্লাস এর সাথে সম্পূরক প্রিমিয়াম প্রদান সাপেক্ষে বীমাগ্রহীতা তাঁর পছন্দ অনুযায়ী নিম্নোক্ত সম্পূরক বীমা সুবিধাসমূহও গ্রহন করতে পারবে।

ক) গুরুব্যাধি বীমা সুবিধাঃ বীমা নিরাপত্তার আওতাভুক্ত রোগসমূহের (ক্যানসার, স্ট্রোক, পক্ষাঘাত, হার্ট অ্যাটাক, ব্রেইন টিউমার, কিডনী রোগ, মায়োকার্ডিয়াল ইনফেকশন, মাসকুলার ডিস্ট্রফি, লিভার ডিজফাংশন করোনারী ডিজিজ, মায়োকার্ডিয়াল ইনফেকশন, পার্কিনসনস ডিজিজ ইত্যাদি) কোনটি পরীক্ষায় ধরা পড়লে এককালীন অর্থ প্রদান।

খ) প্রিমিয়াম মওকুফ সুবিধাঃ দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাসের বেশী সময় পূর্ণাংগভাবে অক্ষম হয়ে গেলে পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ।

কোন প্রিমিয়ামদাতা যদি নিজ শিশু সন্তান বা স্ত্রীকে বীমাগ্রহীতা করে চার্টার্ড-তিন কিস্তি বীমা বা চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা প্লাস গ্রহন করে থাকেন তবে উক্ত পলিসি নিম্নোক্ত সম্পূরক বীমা সুবিধা গ্রহনের জন্য যোগ্য হবেনঃ

* মাসিক আয় বীমা সুবিধাঃ প্রিমিয়ামদাতার অকাল মৃত্যু হলে বীমা অংকের ১% হারে মাসিক আর্থিক সুবিধা বীমাগ্রহীতাকে প্রদান করা হবে।

* পারিবারিক সুরক্ষা বীমা সুবিধাঃ প্রিমিয়ামদাতা দুর্ঘটনা বা অসুস্থতাজনিত কারণে ছয় মাসের বেশী সময় পূর্ণাংগভাবে অক্ষম হয়ে গেলে উক্ত পলিসির পরবর্তী সকল প্রিমিয়াম মওকুফ করা হবে।

উল্লেখ্য, উপরোক্ত সম্পূরক সুবিধাদি গ্রহন করলেও মূল বীমার সমস্ত সুবিধা অক্ষুন্ন থাকবে।

## পলিসি গ্রহন পদ্ধতিঃ

চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা বা চার্টার্ড-পাঁচ কিস্তি বীমা প্লাস কেনার জন্য আপনার নিকটস্থ বিক্রয় অফিস/এজেন্সি অফিস/ইউনিট অফিসে আমাদের সংশিষ্ট ফাইন্যান্সিয়াল এসোসিয়েট/ ইউনিট ম্যানেজার/ ব্রাঞ্চ ম্যানেজার/ সেলস ম্যানেজার এর সাথে দ্রুত যোগাযোগ করুন। চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্সের নিবেদিত টীম আপনাকে সব ধরণের সহযোগিতা করতে বদ্ধপরিকর।

অস্বীকৃতিঃ

* ব্যতিক্রম ও অযোগ্যতাঃ আত্মহত্যা (আপত্তি উত্তাপনযোগ্য সময়কালের মধ্যে), যুদ্ধ অথবা এইডস এর কারণে মৃত্যু হলে এই বীমা সুরক্ষা প্রদান করবে না। ব্যতিক্রম ও অযোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে ইস্যুকৃত বীমা দলিল মনোযোগের সাথে পড়ুন।

* বীমা তামাদি হলেঃ বর্ধিত সময় (প্রদেয় তারিখ হতে ৩১ দিন পর্যন্ত) পেরিয়ে যাওয়ার পরও প্রিমিয়াম প্রদান করা না হলে এবং ন্যূনতম নগদ মূল্য অর্জিত না হলে বীমা থেকে মূল্য/সুবিধা পাওয়া যাবে না।

* বীমা সমর্পিত হলেঃ গৃহীত বীমা প্রথম দুই বছরের মধ্যে যেকোন সময় সমর্পিত হলে কোন সমর্পণ মূল্য পাওয়া যাবে না। দুই বছর পর যেকোন সময় বীমা সমর্পিত হলে, বীমাগ্রহীতা নগদ মূল্যের তালিকা অনুযায়ী সমর্পণ মূল্য প্রাপ্য হবেন।

দ্রষ্টব্যঃ এটি একটি ব্যাখ্যামূলক পুস্তিকা, কোন চুক্তি বা স্মারক নয়। বীমা দলিলে আপনার গৃহীত বীমার পরিধি ও শর্তাবলী পূর্ণাংগভাবে বিধৃত থাকবে।


## চার্টার্ড লাইফ ইনস্যুরেন্স কোম্পানি লিঃ

প্রধান কার্যালয়ঃ

SANARC কমপেক্স, ৭৬, শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি,

ঢাকা-১২০৮, বাংলাদেশ।

আমাদের ফোন করুনঃ

+৮৮০-২-৯১১৮৯৭৮ অথবা +৮৮০-২-৯১১১৭৮০

অথবা +৮৮০-১৭৭৭৭৭০৯৯০

mail@charteredlifebd.com

charteredlife @charteredlifebd


# Chartered Life
Secured Life

chartered 5 Payment plan

Secured life, pleasant tomorrow

www.charteredlifebd.com